গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০২.২০.১২৩

তারিখ: ১৬ আষাঢ় ১৪২৭
৩০ জুন ২০২০

বিষয়: **করোনা ভাইরাসজনিত রোগ কোভিড-১৯-এর বিস্তার রোধকল্পে শর্তসাপেক্ষে সার্বিক কার্যাবলি/চলাচলে নিয়ন্ত্রণের মেয়াদ ৩ আগস্ট ২০২০ পর্যন্ত বর্ধিতকরণ**

করোনা ভাইরাসজনিত রোগ কোভিড-১৯ এর বিস্তার রোধ এবং পরিস্থিতির উন্নয়নের লক্ষ্যে সরকার নিম্নলিখিত শর্তসাপেক্ষে দেশের সার্বিক কার্যাবলি এবং জনসাধারণের চলাচলে নিয়ন্ত্রণ আরোপ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে:

১. আগামী **০১ জুলাই ২০২০ হতে ৩ আগস্ট ২০২০ পর্যন্ত** এ নিয়ন্ত্রণ অব্যাহত থাকবে। সাপ্তাহিক ছুটি এ নিয়ন্ত্রণের অন্তর্ভুক্ত থাকবে;

২. রাত ১০:০০ টা হতে সকাল ৫:০০ টা পর্যন্ত অতীব জরুরি প্রয়োজন ব্যতীত (প্রয়োজনীয় ক্রয়-বিক্রয়, কর্মস্থলে যাতায়াত, ঔষধ ক্রয়, চিকিৎসা সেবা, মৃতদেহ দাফন/সৎকার ইত্যাদি) বাসস্থানের বাইরে আসা যাবে না। বাসস্থানের বাইরে মাস্ক পরিধান করা, পারস্পরিক দূরত্ব বজায় রাখা ও অন্যান্য স্বাস্থ্য বিধি মেনে চলা নিশ্চিত করতে হবে। অন্যথায় আইন অমান্যকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৩. হাটবাজার, দোকান-পাটে ক্রয় বিক্রয়কালে পারস্পরিক দূরত্ব বজায় রাখাসহ অন্যান্য স্বাস্থ্য বিধি কঠোরভাবে প্রতিপালন করতে হবে। শপিংমলের প্রবেশমুখে হাত ধোয়ার ব্যবস্থাসহ স্যানিটাইজারের ব্যবস্থা রাখতে হবে। শপিংমলে আগত যানবাহনসমূহকে অবশ্যই জীবাণুমুক্ত করার ব্যবস্থা রাখতে হবে। হাটবাজার, দোকান-পাট এবং শপিংমলসমূহ আবশ্যিকভাবে সন্ধ্যা ৭:০০ টার মধ্যে বন্ধ করতে হবে;

৪. সরকারি/স্বায়ত্তশাসিত/বেসরকারি অফিস, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান, ব্যবসা-বাণিজ্য, শিল্প-কারখানা ও সেবা প্রতিষ্ঠানসমূহ স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জারিকৃত স্বাস্থ্য বিধি প্রতিপালন করে খোলা থাকবে;

৫. গণপরিবহনসহ সবধরণের যানসমূহ স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জারিকৃত স্বাস্থ্য বিধি প্রতিপালন করে চলাচল করবে;

৬. উক্ত নিয়ন্ত্রণকালে কোনো শিক্ষা প্রতিষ্ঠান খোলা রাখা যাবে না। তবে, অনলাইন কোর্স/ডিস্টেন্স লার্নিং অব্যাহত থাকবে এবং শিক্ষা প্রতিষ্ঠানসমূহ প্রশাসনিক কার্যাবলি চালাতে পারবে;

৭. উক্ত সময়ে সকল প্রকার সভা-সমাবেশ, গণ জমায়েত ও অনুষ্ঠান আয়োজন বন্ধ থাকবে। ধর্ম মন্ত্রণালয় কর্তৃক সময় সময় প্রদত্ত নির্দেশনা প্রতিপালনপূর্বক মসজিদে জামায়াতে নামাজ আদায় ও অন্যান্য উপাসনালয়সমূহে প্রার্থনা পরিচালনা করা যাবে;

৮. স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রণীত 'কোভিড-১৯ সংক্রমণ ঝুঁকি জোন ভিত্তিক সংযমন (Containment) ব্যবস্থা বাস্তবায়ন কৌশল/গাইড' অনুসরণ করে জোনিং সিস্টেম বাস্তবায়ন করতে হবে। রেড জোন ঘোষণা করে সে এলাকায় কেবল গুরুতর সংক্রমিত পরিসীমাকে লকডাউনের আওতায় আনতে হবে। সেখানে সর্বসাধারণের দৈনন্দিন প্রয়োজনীয় দ্রব্যাদি/বিষয়াদির সরবরাহ/প্রাপ্যতা নিশ্চিত করতে হবে। স্বাস্থ্য অধিদপ্তর এ বিষয়ে সুস্পষ্ট অনুমোদন ও নির্দেশনা প্রদান করবে। সিটি কর্পোরেশন এলাকায় সিটি কর্পোরেশন এবং অন্যান্য এলাকায় জেলা প্রশাসন এ সংক্রান্ত কার্যাবলির সার্বিক সমন্বয় করবে;

৯. আসন্ন পবিত্র ঈদুল আযহার সময় স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জারিকৃত স্বাস্থ্য বিধি যথাযথ অনুসরণপূর্বক কোরবানির পশুর হাট আয়োজনের অনুমতি প্রদান করা যাবে এবং উল্লিখিত স্বাস্থ্য বিধি অনুসরণ করে সীমিত

পরিসরে গণপরিবহন ও জনচলাচল অব্যাহত থাকবে;

১০. ঝুঁকিপূর্ণ, অসুস্থ কর্মচারী এবং সন্তান সম্ভবা নারীগণ কর্মস্থলে উপস্থিত হওয়া থেকে বিরত থাকবে। এক্ষেত্রে কর্মকর্তা-কর্মচারীদের স্বাস্থ্য বিধি নিশ্চিতকরণের জন্য স্বাস্থ্য সেবা বিভাগ থেকে জারিকৃত নির্দেশনা কঠোরভাবে অনুসরণ করতে হবে; এবং

১১. জনসাধারণকে কোভিড-১৯ সংক্রমণ থেকে পরিত্রাণ পাওয়ার জন্য করণীয় বিষয় অনুসরণের লক্ষ্যে স্বাস্থ্য সেবা বিভাগ এবং তথ্য মন্ত্রণালয় সারা দেশে স্বাস্থ্য বিধির বিষয়ে ব্যাপক প্রচারণা ও জনসচেতনতামূলক কার্যক্রম বাস্তবায়ন করবে।

০২। এমতাবস্থায়, তার মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩০-৬-২০২০
মোহাম্মদ আব্দুল ওয়াদুদ চৌধুরী
উপসচিব
ফোন: ৯৫৫১১০৭
ফ্যাক্স: ৯৫৭৩৫৩৩
ইমেইল: faco_sec@cabinet.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন- ২ অধিশাখা
www.mopme.gov.bd

স্মারক নং- ৩৮.০০২.০৩১.০০.০০.০০৭.২০১৬- ৬০৬

তারিখঃ ২২ আষাঢ় ১৪২৭ / ০৬ জুলাই ২০২০

মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপনের প্রেক্ষিতে অনুলিপি সদয় অবগতি এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশিত হয়ে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ বর্ণনা মোতাবেক।

০৬/৭/২০২০
( মোঃ গোলাম মোস্তফা )
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬৩৬১

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন- ২, মিরপুর, ঢাকা- ১২১৬।
৩. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও, ঢাকা।
৪. মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষাভবন, ঢাকা।
৫. মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ।
৬. পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর, ঢাকা।
৭. যুগ্মসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১০. উপপ্রধান, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১১. উপসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১২. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
**উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো**
২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা ১২০৮
www.bnfe.gov.bd

স্মারক নং- ৩৮.০০.০০০০.৩০১.১৮.২৫৪.১৪- 602

তারিখ: ০৬ শ্রাবণ ১৪২৭ / 22 জুলাই ২০২০

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১। পরিচালক (প্রশাসন ও অর্থ/পরিকল্পনা, মনিটরিং ও মূল্যায়ন), উশিব্যু।
২। প্রকল্প পরিচালক, বিএলপি, উশিব্যু, ঢাকা।
৩। সিস্টেম এনালিস্ট, উশিব্যু, ঢাকা----(ব্যুরোর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। উপ-পরিচালক (সকল), উশিব্যু/বিএলপি, ঢাকা।
৫। সহকারী পরিচালক, উশিব্যু(সকল)/বিএলপি, ঢাকা।
৬। সহকারী পরিচালক, জেউশিব্যু (সকল), জেলাঃ................................
৭। লাইব্রেরিয়ান/স্টোর কর্মকর্তা/সহকারী প্রোগ্রামার, উশিব্যু, ঢাকা।
৮। কর্মচারী (সকল), উশিব্যু/জেউশিব্যু।
৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, উশিব্যু, ঢাকা—(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। অফিস কপি।

22/07/2020
(মোঃ রিপন কবীর লস্কর)
উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোনঃ ৯৮৯২৭৩৯